

বেরোবিতে তুচ্ছ ঘটনায় সংঘর্ষ : ৬ শিক্ষার্থী আহত

সংবাদ : প্রতিনিধি, বেরোবি (রংপুর)
। ঢাকা, সোমবার, ০৭ অক্টোবর ২০১৯

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ব্যাংক বুথে টাকা জমা দেয়াকে কেন্দ্র করে শিক্ষার্থীদের দুই গ্রন্তিপ্রে সংঘর্ষে ৬ জন আহত হয়েছে। এদের মধ্যে দু'জনকে গুরুতর আহত অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনাকে কেন্দ্র করে ক্যাম্পাসে দুই গ্রন্তিপ্রে মধ্যে চৰম উত্তেজনা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই মহিবুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। পুলিশ ও প্রত্যাক্ষদশীরা জানায়, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান, পারিসংখ্যান, রসায়ন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগসহ আরও কয়েকটি বিভাগের ভর্তি ও ফরুম পূরণের তারিখ ছিল। বিশ্ববিদ্যালয়ের কোন স্থায়ী ব্যাংক শাখা না থাকায় ক্যাফেটেরিয়ার দুই তলায় অবস্থিত অস্থায়ী একটি ব্যাংক বুথে দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে টাকা জমা দিতে থাকে শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা জানায়, দুপুর ১২টার দিকে পারিসংখ্যান বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা বুথে টাকা জমা দেয়ার সময় লাইনে

দাঢ়ায়। এ সময় লাইনে না দাঢ়ায়েই রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের কিছু শিক্ষার্থী লাইনের পাশে থেকে টাকা জমা দিতে থাকলে পরিসংখ্যান বিভাগের কিছু শিক্ষার্থী বাঁধা দিলে দুই বিভাগের শিক্ষার্থীদের মাঝে বুগবিত-এ শুরু হয়। এক পর্যায়ে কথা কাটাকাটি থেকে দুই গ্রন্তিপের মধ্যে তুমুল সংঘর্ষে রূপ নেয়। এতে আহত হন পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী কবিরুল ইসলাম কাকন, দিপু এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শামীম রোহান। আহতদের বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা দিয়ে তাঁদেরকে তাৎক্ষনিকভাবে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের কর্মরত ডাক্তার অলক কুমার বলেন, ‘আহতদের সবাইকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। আহতদের মধ্যে একজনের মাথায় গুরুতর আঘাত পেয়েছে আরেকজনের নাকের ছিদ্র বন্ধ হয়ে গেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পুলিশ ফাঁড়ির ইনচার্জ মুহিবুল ইসলাম বলেন, ব্যাংক বুথে টাকা জমা দেয়াকে কেন্দ্র করে শিক্ষার্থীদের দুই গ্রন্তিপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। বতমানে ক্যাম্পাসে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর (চলতি দায়িত্ব) আতিউর রহমানের সঙ্গে ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।